=৫৬=

উপ-প্রধান (পরিকল্পনা) এর দপ্তর
পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
ঢাকা ওয়াসা।

বিষয় ঃ ফটোকপিয়ারের লেজার ইউনিট, প্রেসার রোলার, ড্রাম রোলার, পি সি আর রোলার এবং ক্লিনিং রোলার ক্রয় প্রসঙ্গে।

১৭৩। উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতিমাসে পরিকল্পনা, মূল্যায়ন ও পরিবীক্ষণ বিভাগ থেকে বাস্তব ও আর্থিক অগ্রগতির প্রতিবেদন, ২৩ কলাম, আর্থিক প্রতিবেদন, অর্থ ছাড়করণ সংক্রান্ত, ডিপিপি, টিএপিপি, মাসিক কার্যাবলীর প্রতিবেদন, আইএমইডি মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদনসহ অন্যান্য প্রতিবেদন মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশনসহ অন্যান্য উন্নয়ন সহযোগী সংস্থায় পাঠানো হয়। এসব নিয়মিত প্রতিবেদন/রিপোর্ট ছাড়াও এ বিভাগের প্রয়োজনীয় বিভিন্ন জরুরি কাজে ফটোকপি করতে হয়/ করার প্রয়োজন হয়। হঠাৎ করে এ বিভাগের ফটোকপি মেশিনটির ভালোভাবে কপি করা যাচ্ছে না/যাচ্ছিলোনা। পরবর্তীতে, একজন টেকনিশিয়ানকে দেখালে তিনি মেশিনটিতে লেজার ইউনিট, প্রেসার রোলার, ড্রাম রোলার, পি সি আর রোলার এবং ক্লিনিং রোলার যন্ত্রাংশ নষ্ট হয়েছে বলে অবহিত করেন। ফলে দপ্তরের দৈনন্দিন কার্যাদি সম্পাদনে বিঘ্ন ঘটছে। এমতাবস্থায়, এ বিভাগে ফটোকপি মেশিন (ক্যাননন- ২৫২০) এর লেজার ইউনিট, প্রেসার রোলার, ড্রাম রোলার, পি সি আর রোলার এবং ক্লিনিং রোলার ক্রয় করা প্রয়োজন।

কর্তৃপক্ষের কাজের স্বার্থে এ বিভাগের প্রয়োজনে ফটোকপি মেশিনের লেজার ইউনিট, প্রেসার রোলার, ড্রাম রোলার, পি সি আর রোলার এবং ক্লিনিং রোলার মালামাল অস্থায়ী অগ্রিমের মাধ্যমে ক্রয় করা প্রয়োজন। ফটোকপি মেশিন (ক্যাননন- ২৫২০) এর লেজার ইউনিট, প্রেসার রোলার, ড্রাম রোলার, পি সি আর রোলার এবং ক্লিনিং রোলার এর বর্তমান বাজার মূল্য ঃ

ক) লেজার ইউনিট	১ টি = ৬,৫০০/- টাকা
খ) প্রেসার রোলার	১ টি = ৪,৮০০/- টাকা
গ) ড্রাম রোলার	১ টি = ৪,৫০০/- টাকা
ঘ) পি সি আর রোলার	১ টি = ৩,৮০০/- টাকা
ঙ) ক্লিনিং রোলার	১ টি = ২,০০০/- টাকা
সর্বমোট	= ২১,৬০০/- টাকা

বর্ণিত বিবরণের আলোকে ফটোকপি মেশিন এর মালামালগুলো ক্রয়ের জন্য ২১,৬০০/- (একুশ হাজার ছয়শত) টাকা মাত্র এ বিভাগের উপ-প্রধান (পরিকল্পনা) এর অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসেবে সদয় অনুমোদন করা যেতে পারে। যা পরবর্তীতে প্রকৃত খরচের টাকা ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

স্মরণযোগ্য, উপ-ব্যবস্থাপনা পরিচালক (গবেষণা, পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয় ২৫,০০০/- (পচিঁশ হাজার) টাকা অস্থায়ী অগ্রিম অনুমোদন করতে পারবেন। উপযুক্ত বর্ণনার আলোকে, ফটোকপি মেশিন এর মালামাল ক্রয়ের জন্য অস্থায়ী অগ্রিম হিসেবে ২১,৬০০/- (একুশ হাজার ছয়শত) টাকা উপ-ব্যবস্থাপনা পরিচালক (গবেষণা, পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয়ের সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

RA-II
মোছাঃ দিল গুলরুখ নাহার
গবেষণা সহকারী
পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
ঢাকা ওয়াসা

RO-II
সাইফুল ইসলাম
গবেষণা কর্মকর্তা
পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
ঢাকা ওয়াসা

AC (P)
Sanjoy Chandra Talukder
Assistant Chief (Planning)
Planning, Monitoring & Evaluation Division
Dhaka WASA

ফজলে রাব্বি মোহাম্মদ আহসান
উপ-প্রধান
পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
ঢাকা ওয়াসা।

ACE মহোদয়

DMD (RP&D)

Engr. Md. Nurul Islam
Additional Chief Engineer (RP&D)
Dhaka WASA.

ACE (RPD)

ড. মোঃ মিজানুর রহমান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (গবেষণা, পরিকল্পনা ও উন্নয়ন)
ঢাকা ওয়াসা।